সেটা ভুল প্রমাণ হলো: সাকিব

নিউজিল্যান্ডে তাদের মাটিতে এই প্রথম হারানোর টেস্টে দলে ছিলেন না দেশসেরা অলরাউন্ডার সাকিব আল হাসান। ছিলেন না দলের দুই সিনিয়র তারকা তামিম ও রিয়াদ।

তাকেসহ সিনিয়রদের ছাড়াই দল এমন ঐতিহাসিক জয় পেল সে বিষয়ে সাকিবের অনুভূতি জানতে চান সাংবাদিকরা।সিনিয়রদের ছাড়া তরুণদের নিয়ে দল কঠিন ম্যাচও জিততে পারবে না – এমন ধারণা ভুল প্রমাণিত হয়েছে বলে জানালেন সাকিব।

শুক্রবার রাজধানীর একটি পাঁচতারা হোটেলে গণমাধ্যমের মুখোমুখি হয়ে সাকিব বলেন, ‘এটা তো অবশ্যই ভালো লাগার দিক। যারা সবসময় বিশেষ করে মিডিয়া মনে করে, আমরা চার-পাঁচজন (তামিম, সাকিব, রিয়াদ) ছাড়া খেলোয়াড় নেই। সেটা ভুল প্রমাণ হলো। অন্য ক্রিকেটারদের যদি দায়িত্ব দেওয়া হয়, তারা ভবিষ্যতে আরও ভালো করবে বলে আমি বিশ্বাস করি।’

মাউন্ট মঙ্গানুইয়ে খেলেননি বলেও আক্ষেপ হচ্ছে না বলে জানালেন সাকিব। বললেন, ‘জয়টাই বড়। আমাকে ছাড়াও (দল জেতে), আমি থাকা না থাকা বড় বিষয় না। যেটা হয়েছে দল কেমন খেলছে এবং কেমন ফল করছে এটাই গুরুত্বপূর্ণ। আমি খুবই খুশি, খুবই গর্বিত প্রত্যেক খেলোয়াড়, কোচিং স্টাফের ওপর। দল ভালো করলেই আমি খুশি। আমার কখনও ব্যক্তিগত লক্ষ্য থাকে না। এবারও নেই।’

অবশ্য এই এক জয় দিয়েই বাংলাদেশ দলের বড় পরিবর্তন হয়ে যাচ্ছে না বলে মনে করেন সাকিব।

বললেন, ‘একটা টেস্ট ম্যাচ জিতে সবকিছু বদলে যায় না। তবে একটা টেস্ট ম্যাচ অনেক কিছু পরিবর্তনের সম্ভাবনা তৈরি করে। সেই সম্ভাবনা তৈরি হলো। এই বিশ্বাসটা যদি আমরা রাখতে পারি, বিসিবি যদি সেই বিশ্বাসটা রাখতে পারে তাহলে হয়তো এই টেস্ট চ্যাম্পিয়নশিপেই আমরা অনেক ভালো ফল করে দেখাতে পারব। সত্যি বলতে, এত ভালো ক্রিকেট বাংলাদেশ কমই খেলে। প্রত্যেক খেলোয়াড়, কোচিং স্টাফকে কৃতিত্ব দিতে হবে। তারা এত চাপের মধ্যেও কঠিন কন্ডিশনে এত ভালো খেলেছে।’

কোটচাঁদপুরে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

ঝিনাইদহের কোটচাঁদপুরে বীর মুক্তিযোদ্ধা, দরিদ্র ও অসহায় শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে। শুক্রবার বিকালে পৌর শহরের সনি আবাসিকের সামনে শীতার্তদের মাঝে এই কম্বল বিতরণ অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে শীতার্ত মানুষের হাতে কম্বল তুলে দেন ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল।

পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডলের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজান আলী।

এছাড়াও উপস্থিত ছিলেন, উপজেলা আ.লীগের সিনিয়র সহ-সভাপতি নুরুল ইসলাম খাঁন বাবলু, পৌর আ.লীগের যুগ্ম-আহ্বায়ক সরোয়ার হোসেন, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার বীর মুক্তিযোদ্ধা তাজুল ইসলাম, সাবেক ইউপি চেয়ারম্যান আব্দুল হান্নান, সাবেক ইউপি চেয়ারম্যান কাবিল উদ্দিন সহ উপজেলা ও পৌর আ.লীগের বিভিন্ন পর্যায়ের নেতা- কর্মীরা।

শৈলকুপায় ইউপি সদস্য হলেন তৃতীয় লিঙ্গের পপি

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার ফুলহরি ইউনিয়নে সংরক্ষিত ১ নম্বর ওয়ার্ডে মহিলা মেম্বর নির্বাচিত হয়েছেন তৃতীয় লিঙ্গের (হিজরা)

শম্পা খাতুন পপি।

তিনি ২ হাজার ১০১ ভোট পেয়ে বেসরকারি ভাবে নির্বাচিত হয়েছেন। ৫ম ধাপে বুধবার (৫ জানুয়ারি) নির্বাচন অনুষ্ঠিত হয়।
শম্পা খাতুন পপি জানান, তার বাড়ি ছিল মাগুরা জেলার আড়পাড়া গ্রামে।

ছোট বেলায় তাকে ফুলহরি গ্রামে বিয়ে দেওয়া হয়েছিল। স্বামী জানার পর নির্যাতন করে তাড়িয়ে দেয়। অনেক নির্যাতন সহ্য করতে হয় তাকে। পরে তিনি তৃতীয় লিঙ্গের লোকদের দলে মিশেন। পরে আবার ফুলহরি গ্রামে ফিরে এসে বসবাস করতে থাকেন এবং মানুষের পাশে দাঁড়ান।

তিনি বলেন, যে আশা নিয়ে মানুষ তাকে নির্বাচিত করেছে। তাদের সে আশা পূরণে চেষ্টা করবেন। তাদের ভোটের মর্যাদা রাখবেন। এলাকার উন্নয়নে কাজ করবেন।

চুয়াডাঙ্গায় নতুন জেলা প্রশাসক আমিনুল ইসলাম

চুয়াডাঙ্গার নতুন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট হিসেবে পদায়ন পেয়েছেন মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন শৃঙ্খলা অধিশাখা (অতিরিক্ত দায়িত্ব) উপ-সচিব মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

বুধবার (৫ জানুয়ারি) রাষ্ট্রপতির আদেশক্রমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপ-সচিব কে এম মান্নান স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ নিয়োগ দেওয়া হয়েছে। ওই প্রজ্ঞাপনে আরও ১২ জেলার জেলা প্রশাসক নিয়োগ দেওয়া হয়েছে। চুয়াডাঙ্গার নতুন জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাস খান মানিকগঞ্জ ঘিওর উপজেলার কৃতী সন্তান।

অপরদিকে, চুয়াডাঙ্গার বর্তমান জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার বাংলাদেশ টেলিভিশনের (বিটিভি) উপ-মহাপরিচালক হিসেবে পদোন্নতি পেয়েছেন। তিনি ২০১৯ সালের ২৯ আগস্ট চুয়াডাঙ্গা জেলা প্রশাসক হিসেবে যোগদান করেছিলেন।

প্রসঙ্গত, চুয়াডাঙ্গা জেলা ছাড়াও বুধবার আরও ১২ জেলায় নতুন জেলা প্রশাসক নিয়োগ দিয়েছে সরকার। জেলাগুলো হলো- সিলেট, রাজবাড়ী, গাজীপুর, নারায়ণগঞ্জ, নওগাঁ, পিরোজপুর, নোয়াখালী, নীলফামারী, ব্রাহ্মণবাড়িয়া, গাইবান্ধা, ঝিনাইদহ এবং চাঁপাইনবাবগঞ্জ

মেহেরপুরে বঙ্গবন্ধু স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে আলোচনা সভা

মেহেরপুরের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও বঙ্গবন্ধু স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের উদ্যোগে আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকাল ৩ টার সময় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর মিলনায়তনে এই আলোচনা সভার আয়োজন করা হয়।

বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ মেহেরপুর জেলা শাখার সভাপতি হাসানুজ্জামান মালেকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক সিরাজুল হক আলো।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক আবু সাঈদ চৌধুরী, সহ-সাংগঠনিক সম্পাদক মোফাজ্জ্বেল হক। মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন, মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইদুর রহমান সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক বৃন্দরা আলোচনা সভায় উপস্থিত ছিলেন।

হরিণাকুণ্ডুতে নৌকার এক প্রার্থী পেলেন ৪২ ভোট

পঞ্চম ধাপের ইউপি নির্বাচনে ঝিনাইদহের হরিনাকুন্ডু উপজেলার ৬নং ফলসী ইউনিয়নে নৌকা প্রতীকের চেয়ারম্যান পদপ্রার্থী বাবু নিমাই চাঁদ মন্ডল ৪২ ভোট পেয়ে লজ্জাজনক পরাজয় বরণ করেছে।

গত বুধবার নির্বাচনে উপজেলার ৮ ইউনিয়নের মধ্যে ২টিতে নৌকা প্রতীকের প্রার্থীর বিজয় হলেও বাকি ৬ টিতে ভরাডুবি হয়েছে। এর মধ্যে ফলসী ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত নৌকা প্রতীকের চেয়ারম্যান পদপ্রার্থী বাবু নিমাই চাঁদ মন্ডল ইউনিয়নের ৯টি ওয়ার্ডের সবকটি মিলিয়ে সর্বমোট ৪২ ভোট পেয়েছেন। বেশ কয়েকটি কেন্দ্রে তার ৪জন নির্বাচনি এজেন্ট থাকলেও কেন্দ্রে ভোট পেয়েছেন ১টি করে।

এর আগে চতুর্থ ধাপের ইউপি নির্বাচনে কক্সবাজারের চকরিয়া উপজেলার চিরিংগা ইউনিয়নে নৌকা প্রতীকের চেয়ারম্যান পদপ্রার্থী শাহনেওয়াজ রুমেল ৬৭ ভোট পেয়ে সারাদেশে আলোচনায় এসেছিলেন। এবার তাকেও হারিয়ে ৪২ ভোট পেয়ে নতুন রেকর্ড গড়েছেন বলে ইউনিয়নবাসী মনে করেন।

রিটার্নিং কর্মকর্তা ও উপজেলা নির্বাচন অফিসার স্বাক্ষরিত বেসরকারি ফলাফলে দেখা যায়, ফলসী ইউনিয়নে ১০৪২৪ জন ভোটারের মধ্যে ৯০০৫ জন ভোটার ভোট দিয়েছেন। তন্মধ্যে ৪৬২৩ ভোট পেয়ে বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন মটর সাইকেল প্রতীক নিয়ে স্বতন্ত্র প্রার্থী এ্যাড বজলুর রহমান ।

তার নিকটতম প্রতিদ্বন্দ্বী স্বতন্ত্র প্রার্থী বর্তমান চেয়ারম্যান ফজলুর রহমান পেয়েছেন ৪১৭৯ ভোট। ইউনিয়নে মোট ৩ জন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর মধ্যে বাংলাদেশ আওয়ামী লীগের মনোনীত প্রার্থী ফলসী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি নিমাই চাঁদ মন্ডল পেয়েছেন ৪২ ভোট। তিনি ইউনিয়নের ২নং ওয়ার্ড কুলবাড়ীয়া কেন্দ্রে ১ ভোট, ৫নং ওয়ার্ড বোয়ালিয়া কেন্দ্রে ১ ভোট এবং ৯নং ওয়ার্ড শিংগা সরকারী প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে ১ ভোট করে পান।

মেহেরপুর জেনারেল হাসপাতালে ৪ দালাল আটক জরিমানা আদায়

মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে অভিযান চালিয়ে রোগীদের হয়রানি ও বিভিন্ন ডায়াগনস্টিক ও ক্লিনিক সেন্টারের জন্য দালালি করার অভিযোগে ৪ দালালের কাছে থেকে ৩ হাজার টাকা জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত।

বৃহস্পতিবার দুপুর টার দিকে মেহেরপুরের নির্বাহী ম্যাজিষ্ট্রেট মাহমুদুল হাসান এ অভিযান পরিচালনা করেন।

দণ্ডপ্রাপ্তরা হলেন, মেহেরপুর সদর উপজেলার দিঘির পাড়ার মৃত দেলোয়ার হোসেনের ছেলে সোহাগ হোসেন, গোভীপুর গ্রামের এনামুল হকের ছেলে সাব্বির হোসেন, উজলপুর গ্রামের মৃত জসিমের স্ত্রী মেরিনা বেগম, চক্রপাড়া এলাকার মৃত গোলাম রসুলের ছেলে সানোয়ার হোসেন।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে সকল ধরনের চিকিৎসার সুব্যবস্থা থাকলেও এসমস্ত দালালরা রোগীদের কাছ থেকে ব্যবস্থাপত্র নিয়ে তাদের নিজ নিজ ল্যাবে গিয়ে পরীক্ষা করে বিপুল পরিমাণ অর্থ হাতিয়ে নেয়। এমন খবরের ভিত্তিতে মেহেরপুর ডিবি পুলিশের ওসি জুলফিকার আলীর নেতৃত্বে একটি দল মেহেরপুর জেনারেল হাসপাতালে অভিযান পরিচালনা করে দণ্ডপ্রাপ্ত চার দালাল কে আটক করে। পরে সেখানে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে দণ্ডবিধির ২৯১ ধারায় সানোয়ার হোসেনকে ৫’শ, মেরিনা বেগমকে ৫’শ, সোহাগ হোসেনকে ১ হাজার ও সাব্বির হোসেনকে ১ হাজার টাকা জরিমানা করা হয়। তারা জরিমানা পরিশোধ করে তাদের ছেড়ে দেওয়া হয়।

গাংনীর ধলা গ্রামের দুই সহদর হত্যা মামলার ৫৬ আসামীকে কারাগারে প্রেরণ

মেহেরপুরের গাংনী উপজেলার রাধাকান্তপুর ধলা গ্রামের নির্বাচনী সহিংসতায় দুই হত্যা মামলার ৫৬ জন আসামিকে কারাগারে পাঠানোর দির্দেশ দিয়েছেন আদালত।

বৃহস্পতিবার দুপুর ১টার দিকে মেহেরপুর মুখ্য বিচারিক হাকিমের আদালতের বিচারক শিরিন নাহারের আদালতে আসামিরা আত্নসমর্পন করলে তাদের জামিন না মঞ্জুর করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

চাঞ্চল্যকর দুই ভাই হত্যা মামলার প্রধান আসামীসহ ৫৬ আসামিকে এক মাসের অন্তবর্তীকালীন জামিন দেয় উচ্চ আদালত। অন্তবর্তীকালীণ জামিনের নির্ধারিত সময় পার হয়ে গেলে গতকাল আসামিরা মেহেরপুর আদালতে হাজির হয়ে আত্নসমর্পন করে জামিনের আবেদন করেন। বিচারক তাদের জামিন আবেদন না মঞ্জুর করে কারাগারে পাঠানো আদেশ দেন।

মামলায় আসামি পক্ষে একেএম শফিকুল আলম এবং বিবাদী পক্ষে আইনজীবী ছিলেন খন্দকার আব্দুল মতিন ও কোর্ট পরিদর্শক গোলাম মোহাম্মদ।

উল্লেখ্য, দ্বিতীয় ধাপের ইউপি নির্বাচনে গাংনীর কাথুলী ইউনিয়নের ৬ নং ওয়ার্ডের দুই মেম্বর প্রার্থীর আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে গত ৮ নভেম্বর ২০২১ইং তারিখে সকালে মেম্বার প্রার্থী আজমাইন হোসেন টুটুল ও আতিয়ার রহমানের সমর্থকদের মধ্যে সংঘর্ষ বাধে। উভয়পক্ষের সংঘর্ষে আজমাইন হোসেন টুটুলের ফুপাতো দুই ভাই সাহাদুল ও জাহারুলকে নৃশংসভাবে খুন করে আতিয়ার রহমানের লোকজন। এঘটনায় উভয় পক্ষের নারীসহ অন্তত ২০জন আহত হয়। নিহত সাহাদুল ও জাহারুলের ফুপাতো ভাই লালটু বাদী হয়ে ৬৬ জনকে আসামী করে গাংনী থানায় হত্যা মামলা দায়ের করেন। ওই দিন গাংনী থানা পুলিশ এজাহারভুক্ত ৭জন আসামীকে গ্রেপ্তার করে। বাকী আসামিরা পলাতক ছিলেন।

আলমডাঙ্গায় ‘অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য বীর নিবাসের উদ্বোধন

মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে আলমডাঙ্গার নাগদাহ ইউনিয়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার ‘অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ’ কাজের শুভ উদ্বোধন করা হয়েছে।

বুধবার সকাল ১১টার দিকে উপজেলার ঘোলদাড়ি বাজারস্থ ফুটবল মাঠে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে একযোগে উপজেলার ৭ জন বীর মুক্তিযোদ্ধার বীর নিবাসে কাজের উদ্বোধন করা হয়।

প্রধান অতিথি হিসাবে ‘বীর নিবাস’ প্রকল্প কাজের উদ্বোধন করেন জেলা আওয়ামী লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা ১ আসনের এমপি সোলাইমান হক জোয়াদ্দার ছেলুন।

তিনি বলেন, বঙ্গবন্ধুর কন্যা সে জাতির পিতার মেয়ে। বাবা মা হারা, ভাই বোন হারা এমন কলঙ্ক অধ্যায় পৃথিবীতে কম দেশই আছে। রাষ্ট্র প্রধানদের হত্যা করা হয়েছে এমন ঘটনা অনেক দেশে আছে। কিন্তু একটি পরিবারের সকল সদস্যকে নৃশংস ভাবে হত্যা করা হয়েছে এমন ঘটনা এ দেশ ছাড়া কোন দেশে নেই।

দেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা কেনো এত কাজ করছে। তার বাবার এ দেশকে নিয়ে স্বপ্ন ছিলো। এ দেশ পাকিস্তানের স্বার্বভৌমত্ব হিসাবে পূর্ব পাকিস্তান নামে পরিচিত ছিলো। গত ১৬ ডিসেম্বর আমরা স্বাধীনতার সুবর্ণজয়ন্তী পালন করেছি। বঙ্গবন্ধুর স্বপ্ন ছিলো এদেশকে স্বার্বভৌম হিসাবে এ দেশকে প্রতিষ্ঠিত করা। এদেশের মানুষ খুধা, বাসস্থানসহ নিজের স্ব অধিকার নিয়ে জিবনযাপন করবে।

তিনি আরো বলেন, বঙ্গবন্ধুর নির্দেশে আমরা যুদ্ধ করেছি। যুদ্ধে লাখো বীর মুক্তিযোদ্ধারা শহীদ হয়েছেন। আজ তার কন্যা দেশের নেতৃত্ব হাতে নিয়ে এ দেশকে খাদ্য ও দারিদ্র মুক্ত করেছে। এখন কেউ

না খেয়ে রাত যাপন করে না। যাদের থাকার ঘর নেই তাদের ঘর করে দিচ্ছে। যাদের জমি নেই তাদের জমি দিচ্ছে।

উদ্বোধনী অনুষ্ঠানে আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নূরের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন নাগদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুল কালাম, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, আইলহাঁস ইউনিয়নের সভাপতি তোফাজেল হক, সাধারণ সম্পাদক জাহিদুল ইসলাম বাদল, নাগদাহ ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আলি আশরাফ মুন্না, সাধারণ সম্পাদক মতিয়ার রহমান হায়াত, বীর মুক্তিযোদ্ধা নুর মোহাম্মদ জকু, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক সভাপতি আশিক ইকবাল স্বপন, খাসকররা ইউনিয়ন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বিল্লাল গণি। উদ্বোধনী অনুষ্ঠানেটি পরিচালনা করে আইলহাঁস ইউনিয়ন পরিষদের সচিব আশাদুল হক।

মেহেরপুরে সাংস্কৃতিক কমপ্লেক্স নির্মাণের স্থান পরিদর্শনে সচিব

মেহেরপুরে সাংস্কৃতিক কমপ্লেক্স নির্মাণের স্থান পরিদর্শন করেছেন সাংস্কৃতিক মন্ত্রণালয়ের সচিব মোঃ আবুল মনসুর। এ উপলক্ষে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী পরিদর্শন এবং সাংস্কৃতিক কমপ্লেক্স নির্মাণ এর জন্য সরেজমিন পরিদর্শন ও পর্যালোচনা উপলক্ষে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকালে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সাংস্কৃতিক মন্ত্রণালয়ের সচিব মোঃ আবুল মনসুর।

এ সময় অন্যদের মধ্যে মেহেরপুর জেলা পরিষদের সাবেক প্রশাসক অ্যাড. মিয়াজান আলী, মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন, শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইদুর রহমান

প্রমুখ উপস্থিত ছিলেন। মেহেরপুর পাবলিক লাইব্রেরি চত্বরে সাংস্কৃতিক কমপ্লেক্স নির্মাণ করা হবে বলে জানা গেছে।

এর আগে সচিব মোঃ আবুল মনসুর মেহেরপুর পৌছালে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান তাকে স্বাগত জানান।